# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
# সিলেট।

অস্থায়ী কার্যালয় ঃ বাড়ী নং- ০৩, রোড নং- ই/১, ব্লক- সি
শাহজালাল উপশহর, সিলেট।

স্মারক নং ঃ সিশিবো/প্রশা/টেন্ডার-৬/২০০৭/ ৯৬১ — তারিখ ঃ ০৪/১১/২০০৭ ইং

## দরপত্র বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর পরীক্ষা সংক্রান্ত গোপনীয় কাজে ব্যবহারের জন্য উত্তরপত্র মুদ্রণ ও বাঁধায়ের জন্য দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | এস এস সি ও এইচ এস সি পরীক্ষার মূল উত্তরপত্র ২০ (বিশ) পৃষ্ঠার | ৪,০০,০০০ |
| ২ | অতিরিক্ত উত্তরপত্র ০৮ (আট) পৃষ্ঠার | ৩,০০,০০০ |

## শর্তাবলী ঃ

১. উত্তরপত্র সমূহের কভারের প্রথম পৃষ্ঠা মুদ্রণসহ ও,এম,আর লাগিয়ে সেলাই মেশিনের মাধ্যমে উন্নতমানের সুতা দিয়ে সাইডে লম্বালম্বিভাবে কমপক্ষে ০.২৫ ইঞ্চি মাপে পুরো সেলাই করতে হবে এবং অতিরিক্ত ও ব্যবহারিক উত্তরপত্রের নির্ধারিত স্থানে ০১ টি করিয়া স্টিচ করতে হবে। অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্রে ও,এম,আর শীট ব্যবহার করতে হবে না। সকল প্রকার উত্তরপত্র ৮.৫"X ১১" সাইজের হবে। প্রয়োজনীয় ও,এম,আর ও কাগজ অত্র বোর্ড সরবরাহ করবে। অতিরিক্ত উত্তরপত্র নাম্বারিং করতে হবে। মূল উত্তরপত্র ৫০টি করে উপরে নীচে করোগেটেড শীট দিয়ে বান্ডিল করতে হবে। করোগেটেড শীট অত্র বোর্ড সরবরাহ করবে। অতিরিক্ত উত্তরপত্র সমূহ আলাদা আলাদাভাবে ২০০টি করে বান্ডিল বাঁধতে হবে। বান্ডিল বাঁধার জন্য উন্নত মানের সূতলী ব্যবহার করতে হবে। উত্তরপত্রের একই স্থানে ডবল নাম্বার বা ঘষামাজা করা যাবে না। সিলেট শহর এলাকার মধ্যে উত্তরপত্র তৈরীর কাজ সম্পন্ন করে নিজ খরচে তৈরীকৃত উত্তরপত্র সমূহ বোর্ড অফিসে পৌছাতে হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে কাজের গোপনীয়তা ও নিরাপত্তা বজায় রাখার দায়িত্ব নিতে হবে।

২. বোর্ড অফিস হতে কোন প্রকার সিডিউল বিক্রি করা হবে না। পত্রিকার দরপত্র বিজ্ঞপ্তিই সিডিউল হিসাবে গণ্য হবে। প্রতিষ্ঠানের প্যাডে ক্যাটাগরি ভিত্তিক প্রতিহাজারের দর উল্লেখ করে ফি হিসেবে ৪০০/= (চারশত) টাকা অফেরতযোগ্য এবং মোট উদ্ধৃত মূল্যের ৫% জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মাধ্যমে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর অনুকূলে জমা দিতে হবে।

৩. পত্রিকার কাটিং দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪. দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতার সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন পত্র ও আয়কর সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৫. দরপত্র আগামী ২০/১১/২০০৭ ইং তারিখ দুপুর ১.০০ টার মধ্যে সীলগালা যুক্ত খামে অত্র শিক্ষা বোর্ডের টেন্ডার বাক্সে অথবা বীমাকৃত ডাক/কুরিয়ার সার্ভিস যোগে সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট বরাবরে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে দরপত্র অবশ্যই পৌছাতে হবে। ডাকে প্রেরিত দরপত্র উল্লেখিত তারিখ ও সময়ের পরে পৌছালে তা বাতিল বলে গণ্য হবে। ২০/১১/২০০৭ ইং তারিখ দুপুর ১.৩০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র সমূহ খোলা হবে।

৬. উত্তরপত্রের জন্য কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক গ্যারান্টি জমা দিতে হবে।

৭. নির্দিষ্ট সময়সীমার মধ্যে কার্যাদেশে বর্ণিত নমুনা অনুযায়ী মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. উত্তরপত্রের নমুনা বোর্ড অফিস হতে সংগ্রহ করতে হবে।

৯. কর্ণফুলী পেপার মিলস্ হতে প্রয়োজনীয় কাগজ প্রাপ্তি সাপেক্ষে উত্তরপত্র তৈরীর কাগজ সরবরাহ করা হবে। অনিবার্য কারণবশতঃ কাগজ প্রাপ্তিতে বিলম্ব হলে এর জন্য ওজর আপত্তি বা অতিরিক্ত পারিশ্রমিক দাবী করা যাবে না।

১০. উত্তরপত্র তৈরীর সময় বিনষ্টকৃত (ত্রুটিপূর্ণ/ ছেড়া) কাগজ বোর্ডে জমাদান করলে বোর্ড কর্তৃপক্ষ তা সরবরাহ করবেন, তবে তা কোন ক্রমেই ১% এর বেশী হবে না।

১১. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ বা বর্জনের এবং মালামালের সংখ্যা বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. নম্বর বিহীন, সেলাই বিহীন অথবা ত্রুটিপূর্ণ উত্তরপত্র পাওয়া গেলে দরপত্রের ১০ নং ক্রমিকে উল্লেখিত শর্ত প্রযোজ্য হবে না।

৪/১১/০৭

(প্রফেসর মোঃ সেলিম খান)
সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।